ইউক্রেনের সঙ্গে শান্তি আলোচনায় প্রস্তুত রাশিয়া: পুতিন



রাশিয়ার প্রেসিডেন্ট পুতিন। ছবি: সংগৃহীত

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন বলেছেন, ইউক্রেন যুদ্ধের অবসান ঘটাতে মস্কো আবারও শান্তি আলোচনায় বসতে প্রস্তুত। মঙ্গলবার (২৩ জুন) সরকারি কর্মকর্তাদের সঙ্গে এক বৈঠকে তিনি এ কথা জানান।

পুতিন বলেন, সম্ভাব্য আলোচনার ভিত্তি হতে পারে ইস্তাম্বুলে হওয়া পূর্ববর্তী সমঝোতা, অ্যাঙ্কোরেজে আলোচিত প্রস্তাবনা এবং যুদ্ধক্ষেত্রের বর্তমান বাস্তবতা। তার মতে, স্থায়ী সমাধানের জন্য বাস্তব পরিস্থিতিকে গুরুত্ব দিয়ে এগোতে হবে।

রুশ প্রেসিডেন্ট দাবি করেন, এর আগের আলোচনা প্রক্রিয়া ইউক্রেনের অনীহা ও অবস্থানের কারণে অগ্রসর হতে পারেনি। তিনি অভিযোগ করেন, আলোচনার পরিবেশ তৈরির পরিবর্তে কিয়েভ বিভিন্ন সামরিক পদক্ষেপের মাধ্যমে নিজেদের অবস্থান শক্ত করার চেষ্টা করছে।

গত কয়েক বছরে দুই পক্ষের মধ্যে একাধিক দফায় শান্তি আলোচনা অনুষ্ঠিত হয়েছে। এসব বৈঠকে যুদ্ধবন্দি বিনিময় এবং সম্ভাব্য সমঝোতার খসড়া নিয়েও অগ্রগতি হয়েছিল। তবে ভূখণ্ড ও নিরাপত্তা ইস্যুতে মতপার্থক্যের কারণে চূড়ান্ত সমাধান সম্ভব হয়নি।

পুতিন বলেন, রাশিয়া আগের আলোচনা ও সমঝোতার ভিত্তিতে নতুন করে কূটনৈতিক উদ্যোগ এগিয়ে নিতে আগ্রহী। দীর্ঘমেয়াদি স্থিতিশীলতা নিশ্চিত করতে হলে আলোচনার বিকল্প নেই।

সূত্র: আনাদোলু।